NYC Counsel to the Mayor

5/7/2021 পর্যন্ত সাম্প্রতিক

@NYCMayorCounsel

কপিল লোঙ্গানি
মেয়রের কাউন্সেল

অ্যালেক্সিস ব্লেন
প্রিন্সিপাল ডেপুটি কাউন্সেল

বেস চিউ
চিফ অফ স্টাফ

ক্যাথরিন ককলিন
ডেপুটি কাউন্সেল

NYC ইন্ডোর ডাইনিং সংক্রান্ত FAQ

একটি প্রতিষ্ঠান খাদ্য ও পানীয় সংক্রান্ত কী কী পরিষেবা প্রদান করতে পারে?
রেস্তরাঁ ও অন্যান্য খাদ্য পরিষেবা প্রতিষ্ঠানগুলি গ্রাহকদের জন্য আসন সহ ইন্ডোর স্থানগুলি খুলে দিতে পারে।

একটি প্রতিষ্ঠান কোন সময়গুলিতে কাজ করতে পারে?
প্রতিষ্ঠানগুলি **সকাল 5:00 টা থেকে রাত 12:00 টা** পর্যন্ত খাদ্য ও পানীয় পরিষেবা পরিচালনা করতে পারে। সমস্ত খাদ্য ও পানীয় পরিষেবাকে রাত 12:00 টায় কাজ করা বন্ধ করতে হবে।

তবে নিম্নলিখিত পরিস্থিতিগুলিতে পৃষ্ঠপোষকরা রাত 12:00 টার পরেও পরিসরে (অভ্যন্তরে বা বাইরে) থাকতে পারেন:

- প্রতিষ্ঠানগুলি এমন অনুষ্ঠান আয়োজন করতে পারে যা রাত 1:00 টায় বা তার আগে সমাপ্ত হয়, যতক্ষণ পর্যন্ত এগুলি NYS DOH Interim Guidance for NYC Indoor Food Services (NYC ইন্ডোর খাদ্য পরিষেবাগুলির জন্য NYS DOH অন্তর্বর্তী নির্দেশনা)-এ প্রদান করা অতিরিক্ত প্রোটোকলগুলি অনুযায়ী আয়োজিত হয়।
- স্টেট লিকার অথরিটি (State Liquor Authority, SLA) দ্বারা লাইসেন্স প্রদান করা প্রতিষ্ঠানগুলি বর্তমান স্টেট স্বাস্থ্য বিভাগের (Department of Health, DOH) নির্দেশনার অধীনে অনুমতিযোগ্য এবং তাদের লাইসেন্সের সাথে সঙ্গতিপূর্ণ কার্যকলাপগুলি (যথা বোলিং, লাইভ বিনোদন ইত্যাদি) প্রদান করা চালিয়ে যেতে পারে, তাদের স্থানীয়ভাবে বাধ্যতামূলক বন্ধ করার সময় পর্যন্ত (নিউ ইয়র্ক সিটিতে সকাল 4:00 টা)।

ইন্ডোর ডাইনিং-এর ওপরে কোনো ধারণ ক্ষমতার সীমা আছে কি?
হ্যাঁ। কর্মীদের বাদ দিয়ে, ইন্ডোরের ধারণ ক্ষমতা **একটি নির্দিষ্ট অঞ্চলের জন্য সর্বাধিক অকুপেন্সির অনধিক 75%** (সার্টিফিকেট অফ অকুপেন্সি দ্বারা নির্দিষ্ট) এ সীমিত হতে হবে। সার্টিফিকেট অফ
অকুপেন্সি না থাকা প্রতিষ্ঠানগুলিকে সর্বাধিক অকুপেন্সি নির্ধারণ করার জন্য NYC বিল্ডিং বিভাগ (Department of Buildings, DOB) Bulletin #2020-017 (বুলেটিন #2020-017) দেখতে হবে।

এই ধারণ ক্ষমতাটি রেস্তরাঁর ভিতরে এবং বাইরে একটি দৃশ্যমান অবস্থানে অবশ্যই পোস্ট করতে হবে।

বারে বসার অনুমতি আছে কি?
হ্যাঁ, যদি পক্ষগুলির মধ্যে (অর্থাৎ, পৃষ্ঠপোষকদের দল) কমপক্ষে 6 ফুট দূরত্ব বজায় রাখা যায়। প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই সুনিশ্চিত করতে হবে যে বার অঞ্চলের কর্মীরা একে অপরের ও/বা গ্রাহকদের মধ্যে কমপক্ষে 6 ফুট দূরত্ব বজায় রাখেন, যেখানে তা সম্ভব হয়।

এই FAQ প্রস্তুত করেছিলেন: রেবেকা বেস' (Rebecca Besaw), অ্যাসোসিয়েট কাউন্সেল; কেভিন কেলি, সিনিয়র অ্যাসোসিয়েট কাউন্সেল; ও জুডিথ লে, অ্যাসোসিয়েট কাউন্সেল

ইন্ডোর ডাইনিং প্রতিষ্ঠানে অনুষ্ঠানগুলির অনুমতি আছে কি?
হ্যাঁ, বিশাল অনুষ্ঠানের স্থান ও ক্যাটারিং হলের মতো ইন্ডোর ডাইনিং প্রতিষ্ঠানে অনুষ্ঠানগুলির অনুমতি আছে। তবে কর্মীদের বাদ দিয়ে, ইন্ডোরের ধারণ ক্ষমতা **একটি নির্দিষ্ট অঞ্চলের জন্য সর্বাধিক অকুপেন্সির অনধিক 75%** (সার্টিফিকেট অফ অকুপেন্সি দ্বারা নির্দিষ্ট) **বা 150 জন গ্রাহকের মধ্যে যেটা কম**, তার মধ্যে অবশ্যই সীমিত রাখতে হবে।

কর্মী ও গ্রাহকদের কখন অবশ্যই মুখ ঢাকার আবরণ পরতে হবে?
- সমস্ত কর্মীকে খাওয়া বা পান করার সময়ে (যেমন বিরতির সময়ে) সবসময় অবশ্যই মুখ ঢাকার আবরণ পরতে হবে।
- বসে থাকার সময়ে ছাড়া, সমস্ত গ্রাহককে (2 বছরের বেশি বয়সী) সবসময় অবশ্যই মুখ ঢাকার আবরণ পরতে হবে (যদি না তিনি চিকিৎসাগতভাবে এগুলি সহ্য করতে অক্ষম হন)। গ্রাহকরা একবার বসার পরে, কর্মীদের সঙ্গে কথোপকথন করার সময়ে অথবা অন্যথায় খাওয়া/পান না করার সময়ে প্রতিষ্ঠানগুলির উচিত গ্রাহকদের মুখ ঢাকার আবরণ পরে থাকতে উৎসাহিত করা, কিন্তু তা আবশ্যক নয়।

ইন্ডোর প্রতিষ্ঠানগুলিকে কি তাপমাত্রা পরীক্ষা করতে হবে?
হ্যাঁ। প্রতিষ্ঠানে এসে পৌঁছানোর আগে বা সঙ্গে সঙ্গে কর্মী ও গ্রাহকদের একটি তাপমাত্রা যাচাই করার জন্য সম্মত হওয়া প্রয়োজন।
- 100° ফারেনহাইটের বেশি তাপমাত্রা আছে এমন কোনও ব্যক্তিকে প্রবেশ করার অনুমতি দেওয়া যাবে না।

ইন্ডোর প্রতিষ্ঠানগুলিকে কি আবশ্যকভাবে গ্রাহকদের থেকে কোনো অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে হবে?
হ্যাঁ। নিউ ইয়র্ক স্টেটের যোগাযোগ চিহ্নিতকরণের চেষ্টায় ব্যবহারের জন্য, প্রতিটি পক্ষ থেকে একজন ব্যক্তিকে অবশ্যই স্বাক্ষর করতে হবে এবং তার পুরো নাম, ঠিকানা ও ফোন নম্বর দিতে হবে। বিস্তারিত এখানেআছে।

কোনো লাইনে অপেক্ষারত গ্রাহকদের জন্য সামাজিক দূরত্ব বজায় রাখার কী কী প্রয়োজনীয়তা আছে?
কোনও কারণে লাইনে দাঁড়ানোর সময়ে সমস্ত গ্রাহককে অবশ্যই 6 ফুট দূরত্ব বজায় রাখতে হবে **এবং** যেখানে লাইনগুলি তৈরি হয় সেখানে প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই স্পষ্টভাবে ছয় ফুট ব্যবধান চিহ্নিত করতে হবে।

ইন্ডোর প্রতিষ্ঠানগুলিকে কি কর্মীদের COVID-19 স্বাস্থ্য স্ক্রিনিং পরিচালনা করতে হবে?
হ্যাঁ। প্রতিষ্ঠানগুলিকে সমস্ত কর্মীর জন্য প্রতিদিন অবশ্যই স্বাস্থ্য স্ক্রিনিং বাস্তবায়ন করতে হবে। যদি কোনও গ্রাহক বা কর্মীর পরীক্ষার ফল পজিটিভ হয়, তাহলে প্রতিষ্ঠানগুলিকে এখানেবর্ণনা করা ধাপগুলি অনুসরণ করতে হবে।

ডিনার ও পরিষেবা বিষয়ক নির্দেশনা

ইন্ডোর ডাইনিং-এর জন্য সামাজিক দূরত্ব বজায় রাখার কী কী প্রয়োজনীয়তা আছে?

- ইন্ডোর টেবিলগুলির মধ্যে সমস্ত দিকে ন্যূনতম 6 ফুট ব্যবধান থাকতে হবে। যেখানে দূরত্ব বজায় রাখা সম্ভবপর নয়, সেখানে টেবিলগুলিকে কমপক্ষে 5 ফুট উচ্চতাসম্পন্ন শারীরিক বাধা দ্বারা অবশ্যই পৃথক করতে হবে এবং এগুলি আপৎকালীন ও/বা ফায়ার এক্সিটকে আটকে দিতে পারবে না।
- একই পক্ষের গ্রাহকরা সামাজিক টেবিলে একে অন্যের পাশে বসতে পারেন, যদি সেই পক্ষে 10 জন বা তার কম মানুষ থাকেন।
    - একই পক্ষের গ্রাহকরা ভিন্ন ভিন্ন পরিবার থেকে হতে পারেন।
    - একই পক্ষের গ্রাহকরা ভিন্ন ভিন্ন সময়ে আসতে, বসতে ও বেরিয়ে যেতে পারেন, যতক্ষণ পর্যন্ত তাদের আন্তঃক্রিয়া সেই পক্ষের সদস্যদের মধ্যেই সীমিত থাকে।
- একাধিক পক্ষ সহ সামাজিক টেবিলগুলিকে শুধু সেই ক্ষেত্রেই অনুমতি দেওয়া হয়, যদি পক্ষগুলির মধ্যে 6 ফুট দূরত্ব বজায় রাখা যায়।
- অপেক্ষা করা এবং রেস্টরুম ব্যবহার করার সময়ে গ্রাহকদের অবশ্যই সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

গ্রাহকরা কি দাঁড়ানো অবস্থায় খেতে ও পান করতে পারেন?
না। শুধুমাত্র বসা অবস্থায় খাওয়ার অনুমতি আছে।

আমি কি বুফে আয়োজন করতে পারি?
হ্যাঁ, কিন্তু বুফেটিতে নিজে পরিবেশন করা **যাবে না** এবং কোনো গ্রাহক সর্বজনীন জিনিসগুলি স্পর্শ করেন না তা সুনিশ্চিত করার জন্য সেখানে অবশ্যই যথেষ্ট সংখ্যক কর্মী থাকতে হবে। অবশ্যই উপযুক্ত সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

আমি কি অতিথিদের স্ট্র ও/বা টুথপিক দিতে পারি?
প্রতিষ্ঠানগুলি গ্রাহকদের শুধুমাত্র ব্যক্তিগত, আগে থেকে মুড়ে রাখা স্ট্র বা টুথপিক দিতে পারে।

কর্মীরা কি ইন্ডোর ডাইনিং প্রতিষ্ঠানের ভিতরে খেতে পারেন?
কর্মীরা ইন্ডোর ডাইনিং প্রতিষ্ঠানের ভিতরে তাদের মুখ ঢাকার আবরণ খুলে খেতে পারেন, যতক্ষণ পর্যন্ত তারা সামাজিক দূরত্ব বজায় রাখছেন এবং স্বাস্থ্য সংহিতার আবশ্যকতাগুলি মেনে চলছেন। কর্মীরা যদি সাধারণভাবে গ্রাহকের ব্যবহারের জন্য রাখা একটি টেবিলে বসে খাবার খান, তাহলে 75% সর্বোচ্চ অকুপেন্সির সীমাবদ্ধতার নিরিখে এটিকে গণনার মধ্যে ধরা হবে।

আমি কি আমার ইন্ডোর ডাইনিং অঞ্চলে লাইভ বিনোদন বা একটি DJ রাখতে পারি?
হ্যাঁ, যদি এটা প্রতিষ্ঠানের SLA লাইসেন্স দ্বারা অনুমোদিত হয়। যে কোনও লাইভ বিনোদন NYS Guidance for Arts and Entertainment (শিল্পকলা ও বিনোদনের জন্য NYS নির্দেশনা) অনুযায়ী পরিচালনা করা উচিত।

আমার লাইসেন্স বিনোদনমূলক কার্যকলাপগুলিকে অনুমতি দেয়। এগুলির অনুমতি আছে কি?
হ্যাঁ। DOHMH Guidance on Sports and Recreation (খেলাধুলা ও বিনোদনের ওপরে স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের (Department of Health and Mental Hygiene, DOHMH)) নির্দেশনা অনুযায়ী বার গেমস (যেমন ডার্টস, পুল, টস/বোল/শাফল গেমস, র‍্যাকেট গেমস, এক্স (axe) থ্রোয়িং ইত্যাদি) পরিচালনা করা যেতে পারে।

কর্মস্থলের প্রয়োজনীয়তা

আমার প্রতিষ্ঠানে কি কোনো সাইনেজ পোস্ট করা প্রয়োজন?
হ্যাঁ। প্রতিষ্ঠানগুলিকে DOH COVID-19 সাইনেজের সাথে সঙ্গতিপূর্ণ সাইনেজ অবশ্যই পোস্ট করতে হবে, যেমন সামাজিক দূরত্ব বজায় রাখার চিহ্ন, এবং কতজন পৃষ্ঠপোষককে নিয়ে সর্বাধিক অনুমোদিত ধারণ ক্ষমতা গঠিত হয়। আরো তথ্য এখানে আছে।
আমার প্রতিষ্ঠানকে কি হাওয়া পরিশ্রুত করার আবশ্যকতাগুলি মেনে চলতে হবে?
হ্যাঁ, প্রতিষ্ঠানগুলিকে হাওয়া চলাচল ও/বা হাওয়া পরিশ্রুত করার প্রোটোকল অবশ্যই বাস্তবায়িত করতে হবে। আরো তথ্য এখানে আছে।

প্রতিষ্ঠানগুলিকে পিকআপ ও ডেলিভারি কীভাবে সামলাতে হবে?
ডাইনিং প্রতিষ্ঠানগুলিকে ভেন্ডর পিকআপ/ডেলিভারির জন্য সুনির্দিষ্ট অঞ্চলগুলি অবশ্যই নির্ধারিত করতে হবে।

রান্নাঘর ও স্টোরেজ অঞ্চলগুলির জন্য কি সামাজিক দূরত্ব বজায় রাখার কোনো আবশ্যকতা আছে?
হ্যাঁ। যদি রান্নাঘর ও স্টোরেজ অঞ্চলগুলির মতো কোনও ছোট জায়গায় একজনের বেশি কর্মী উপস্থিত থাকেন, তাহলে সমস্ত কর্মীকে অবশ্যই গ্রহণযোগ্য মুখ ঢাকার আবরণ পরতে হবে। এই অঞ্চলগুলিতে কর্মীদের উপস্থিতি কখনই সর্বাধিক অকুপেন্সির 75%-কে অতিক্রম করবে না।

অতিরিক্ত সংস্থান

আমি কী কী অতিরিক্ত সংস্থান দেখতে পারি?

- NYS DOH Interim Guidance for NYC Indoor Food Services (NYC ইন্ডোর খাদ্য পরিষেবাগুলির জন্য NYS DOH অন্তর্বর্তী নির্দেশনা)
- NYS DOH Interim Guidance for Sports and Recreation (খেলাধূলা ও বিনোদনের জন্য NYS DOH অন্তর্বর্তী নির্দেশনা)
- NYS DOH Interim Guidance for Small and Medium Scale Performing Arts & Entertainment (ক্ষুদ্র ও মাঝারি স্তরের শিল্পকলা প্রদর্শন ও বিনোদনের জন্য NYS DOH অন্তর্বর্তী নির্দেশনা)
- SLA Guidance for Indoor Dining on Licensed On-Premises Establishments (লাইসেন্সপ্রাপ্ত অন-প্রেমাইসেস প্রতিষ্ঠানগুলিতে ইন্ডোর ডাইনিং এর জন্য SLA-এর নির্দেশনা)
- SLA Guidance on COVID-Related Closing Times (COVID-সংক্রান্ত বন্ধ করার সময়ের ওপরে SLA-এর নির্দেশনা)
- NYC Counsel to the Mayor NYC Outdoor Dining FAQ (মেয়রের NYC কাউন্সেলের NYC আউটডোর ডাইনিং FAQ)
- NYC DOH Guidance for Business and Facilities (ব্যবসা ও ফেসিলিটিগুলির জন্য NYC DOH-এর নির্দেশনা)
- NYC Restaurant Reopening Guide (NYC-তে রেস্তরাঁ পুনরায় খোলার বিষয়ে নির্দেশিকা)
- Governor’s Executive Order 202.101 (গভর্নরের কার্যনির্বাহী আদেশ 202.101)
- Governor’s Executive Order 202.102 (গভর্নরের কার্যনির্বাহী আদেশ 202.102)
- Governor’s Executive Order 202.106 (গভর্নরের কার্যনির্বাহী আদেশ 202.106)